সংবাদ

তারিখ 18 FEB 2008
পৃষ্ঠা ১ কলাম ২

বিবিধ ৪৬

# টেস্টে উত্তীর্ণ না হলেও পাবলিক পরীক্ষা দেয়া যাবে

মোশতাক আহমেদ, বিডিনিউজ

এখন থেকে নির্বাচনী পরীক্ষায় (টেস্ট) উত্তীর্ণ না হলেও শিক্ষার্থীরা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকসহ সব ধরনের পাবলিক পরীক্ষায় অংশ নিতে পারবে। শিক্ষা মন্ত্রণালয় এ সিদ্ধান্ত নিয়েছে। পাশাপাশি পাবলিক পরীক্ষার আগে এর আদলে একটি মডেল টেস্ট নেয়ার সিদ্ধান্ত হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয় থেকে ১৪ ফেব্রুয়ারি একটি পরিপত্র জারি করা হয়েছে। এর আগে পাবলিক পরীক্ষায় অংশ নেয়ার ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়া বাধ্যতামূলক ছিল।

শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব বাবুল কুমার সাহা স্বাক্ষরিক ওই পরিপত্রে বলা হয়েছে, নানা কারণে অনেক শিক্ষার্থী নির্বাচনী পরীক্ষায় অংশ নিতে পারে না। মেধাবী হওয়া সত্ত্বেও কেউ কেউ এক বা একাধিক বিষয়ে কাঙ্ক্ষিত ফল অর্জনে সাময়িকভাবে ব্যর্থ হয়। এ ধরনের শিক্ষার্থীদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থেকে বঞ্চিত করা গ্রহণযোগ্য নয়। তাই নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ

পরীক্ষা : পৃষ্ঠা : ১১ ক : ২

## পরীক্ষা : দেয়া যাবে

(১ম পৃষ্ঠার পর)

এবং পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত ২০০৩ সালের ১৯ অক্টোবর জারি করা পরিপত্রটি বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

২০০৩ সালে জারি করা পরিপত্র অনুযায়ী নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হলে কোন শিক্ষার্থীর পাবলিক পরীক্ষা, বিশেষ করে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ থাকত না। ওই সিদ্ধান্ত বাতিল হওয়ায় শিক্ষার্থীরা এখন থেকে নির্বাচনী পরীক্ষায় ফেল করলেও এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অংশ নিতে পারবে। নতুন পরিপত্রটি রোববার থেকে সংশ্লিষ্ট সবার কাছে পাঠানো শুরু হয়েছে। এতে সিদ্ধান্তটি অবিলম্বে কার্যকর করতে বলা হয়েছে। এছাড়া পাবলিক পরীক্ষার আগেই চূড়ান্ত পরীক্ষার আদলে কেন্দ্রীয়ভাবে একটি মডেল টেস্ট নেয়ার সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রণালয়।